



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
সরকারি তিতুমীর কলেজ, ঢাকা
www.titumircollege.gov.bd
titumircollegemail@gmail.com

তারিখ: ২০/০৭/২০২৫খ্রি.

অনার্স ৩য় বর্ষ (বিশেষ) পরীক্ষা-২০২৩ ফরম পূরণের বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০২৩ সনের অনার্স ৩য় বর্ষ (বিশেষ) পরীক্ষার ফরম পূরণ নিম্নবর্ণিত তারিখে সম্পন্ন করা হবে।

ফরম পূরণের নির্ধারিত ফি

বিষয়	পরীক্ষার ফি	তারিখ
১ (এক) পত্র মানোন্নয়ন (সকল বিভাগ)	১৪৫৭.০০	২০/০৭/২০২৫ হতে ৩০/০৭/২০২৫ পর্যন্ত
২ (দুই) পত্র মানোন্নয়ন (সকল বিভাগ)	১৬৫৭.০০	
৩ (তিন) পত্র মানোন্নয়ন (সকল বিভাগ)	১৮৫৭.০০	

বি দ্র: মানোন্নয়ন পরীক্ষার্থীদের ক্ষেত্রে ০১ (এক) পত্রের পর প্রতিপত্রের জন্য অতিরিক্ত ২০০/-মূল টাকার সাথে যোগ করে এবং মৌখিক ৭৫/- এবং ব্যবহারিক ফি বিভাগওয়ারী পত্রভিত্তিক টাকা বিভাগে জমা দিতে হবে।

মানোন্নয়ন পরীক্ষায় অংশগ্রহণের প্রয়োজনীয় শর্তাবলী:-

- ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষের যে সকল শিক্ষার্থী ৩য় বর্ষের পরীক্ষায় অংশগ্রহণ করে উত্তীর্ণ/প্রমোটেড হয়েছে কিন্তু ৩য় বর্ষ পরীক্ষায় যে সকল কোর্সে F গ্রেড প্রাপ্ত হয়েছে বা কোন একটি পত্রে অনুপস্থিত রয়েছে সে সকল কোর্সের পরীক্ষায় গ্রেড উন্নয়ন পরীক্ষার্থী হিসেবে অবশ্যই অংশগ্রহণ করতে হবে। এছাড়াও ২০২২ সনের (বিশেষ) পরীক্ষায় যারা অনিয়মিত হিসেবে ১ম বারের মত অংশগ্রহণ করে C বা D পেয়েছে তারা ঐ সকল কোর্সের সর্বোচ্চ দুইটি কোর্সে মানোন্নয়ন পরীক্ষা দিতে পারবে। তবে একটি কোর্সে একবারের বেশি গ্রেড উন্নয়ন পরীক্ষায় অংশগ্রহণ করা যাবে না।

বিশেষ গ্রেড উন্নয়ন পরীক্ষায় অংশগ্রহণের প্রয়োজনীয় শর্তাবলী:-

- ২০০৯-২০১০, ২০১০-২০১১, ২০১১-২০১২, ২০১২-২০১৩, ২০১৩-২০১৪, ২০১৪-২০১৫ ও ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষের শিক্ষার্থীদের মধ্যে যাদের কোন কোর্সে F গ্রেড বা Absent রয়েছে তারা শুধু F গ্রেড বা Absent কোর্সে নির্ধারিত পরীক্ষার ফি'র সাথে ৫০০০/- (পাঁচ হাজার) টাকা জরিমানা সাপেক্ষে আলোচ্য পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।
- কেবলমাত্র ঢাকা বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রেশন নাম্বার প্রাপ্ত শিক্ষার্থীরাই উক্ত পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

পরীক্ষার ফরম পূরণের ধাপ ও ফি জমাদানের প্রক্রিয়া:-

- রেজিস্ট্রেশন নম্বর দিয়ে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (<https://dua7c.com/>) এ প্রবেশ করে বিস্তারিত তথ্য সঠিকভাবে পূরণপূর্বক আবেদন ফরম সংগ্রহ করে সংশ্লিষ্ট বিভাগে জমা দিতে হবে।
- আবেদনপত্র যাচাই-বাছাই করে বিভাগীয় প্রধানের স্বাক্ষর ও সিল প্রদানপূর্বক বিভাগ থেকে পরীক্ষার ফি'র পরিমাণ জেনে ছুটির দিন ব্যতিত সকাল ৯.০০টা হতে বেলা ২.০০টার মধ্যে প্রশাসনিক কাম-একাডেমিক ভবনের ২য় তলা হিসাব শাখার ১নং ও ২নং কাউন্টারে জমা দিবে।
- অনার্স ৩র্থ বর্ষের ফলাফলের কপি অবশ্যই জমা দিতে হবে।

পরীক্ষার ফরমপূরণের শর্তাবলী ঢাকা বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট থেকে সংগ্রহ করার জন্য বলা হ'ল।

অধ্যক্ষ

সরকারি তিতুমীর কলেজ

ঢাকা

সরকারি তিতুমীর কলেজ, ঢাকা